পুঠিয়ায় মাদকবিরোধী অভিযানে আটক ৩

লেখক: প্রকাশক | প্রকাশিত: 10 November 2026, 09:17 AM | বিভাগ: সারাদেশ



সোমবার (৯ নভেম্বর) বিভিন্ন অভিযোগের ভিত্তিতে রাজশাহী পুঠিয়া উপজেলার বালিয়াঘাটা,গিন্ডগোহালী নমিতলা ও পুঠিয়া মাছবাজার এলাকায় মাদকবিরোধী অভিযান পরিচালনা করা হয় (এসিল্যান্ড) প্রসেনজিৎ সাহার নেতৃত্বে। অভিযানকালে ৩ জন মাদকসেবীকে আটক করা হয়। আটককৃতরা হলেন,মোঃ জাহিদ হাসান (২৪) পিতা,মোঃ চান মিয়া,গ্রাম, গন্ডগোহালী। মোঃ রিংকু হোসেন (২৬) পিতা, মোঃ আফান আলী গ্রাম, বালিয়াঘাটা মোঃ খোকন প্রামাণিক (৩০) পিতা মোঃ জব্বার আলী গ্রাম,ঝলমলিয়া। পরবর্তীতে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে আটককৃত ব্যক্তিদের প্রত্যেকেকে ২ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও অর্থদণ্ড প্রদান করা হয়।

এ সময় (এসিল্যান্ড) প্রসেনজিৎ সাহা বলেন,মাদকের বিস্তার রোধ, যুবসমাজকে সুরক্ষা এবং এলাকার শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে উপজেলা প্রশাসনের এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

© 2026 আপনার নিউজ পোর্টাল। সর্বস্বত্ব সংরক্ষিত।

এই প্রতিবেদনটি আমাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা হয়েছে।